দৈনিক বাংলা

তারিখ ..2 6. FEB 1995 ... ...
পৃষ্ঠা ১২ কলাম ৩...

04

# কৃষি ভার্সিটিতে আচরণবিধি প্রণয়নের সিদ্ধান্ত

স্টাফ রিপোর্টার ঃ ময়মনসিংহ ঃ ২০ ফেব্রুয়ারী।– ভর্তির গাইড বই কেনাকে কেন্দ্র করে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কর্মচারী ও ছাত্রদের মধ্যে সৃষ্ট বিরোধ ও সংঘটিত ঘটনার সমাধানের লক্ষ্যে ভাইস চ্যান্সেলর কর্তৃক গঠিত উচ্চ ক্ষমতাসম্পন্ন নিয়ন্ত্রণ কমিটির এক বৈঠক আজ বিকালে কমিটির চেয়ারম্যান প্রফেসর ডঃ মানিক লাল দেওয়ানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বৈঠকের শুরুতেই ভাইস চ্যান্সেলর ডঃ ফারুক ক্যাম্পাসে শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনার জন্য সকল মহলের সহযোগিতা কামনা করেন।

বৈঠকে সর্বদলীয় ছাত্রঐক্য পরিষদ ও কর্মচারী সংগ্রাম পরিষদ নেতৃবৃন্দ বিরাজমান সংকট নিরসনের লক্ষ্যে খোলাখুলি মত বিনিময় করেন এবং কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্যে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য দৃঢ় ঐকমত্য পোষণ করেন। বৈঠকে বিশ্ববিদ্যালয় খোলার পর ছাত্র ও কর্মচারীদের দৈনন্দিন কর্ম পরিচালনার জন্যে পৃথক পৃথক আচরণবিধি প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও বৈঠকে আগামী ৮ মার্চ বিশ্ববিদ্যালয় খোলার পর থেকে ক্লাসসহ নির্ধারিত পরীক্ষাসমূহ যথাসময়ে অনুষ্ঠানের ব্যাপারে সবাই দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও কর্মচারীদের মধ্যে সৃষ্ট বিরোধ ও সংঘর্ষে গত ৭ ফেব্রুয়ারী বিশ্ববিদ্যালয়ের একজন কর্মচারীর ছেলে এসএসসি পরীক্ষার্থী গাজিউর রহমান ছাত্রদের গুলিতে নিহত হবার পর কর্তৃপক্ষ ৮ মার্চ পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করেন।